

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৪ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ

এস,আর,ও নং-২৪৫-আইন/২০১২/৬৬২-মূসক।-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ২০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৪ জ্যেষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৯৫-আইন/২০১২/৬৫৩-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিলের কলাম (১) এ উল্লিখিত ক্রমিক ২৮ ও উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর ক্রমিক নং ২৯ ও উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ নিম্নরূপ এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

“২৯।	মহাপরিচালক, পরিচালক, যুগ্ম-পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, কাস্টমস্ এন্ড এক্সাইজ, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), ঢাকা।	মহাপরিচালক, পরিচালক, যুগ্ম-পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা, মূল্য সংযোজন কর, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), ঢাকা”।
------	---	--

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

[মোহাম্মদ শফি উদ্দিন]

দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)